কুরআন ও সহীহ হাদীসের আলোকে বাইআ'ত, সিরাতে মুস্তাকীম ও ইসলামের অপরিহার্য বিষয়াবলীর উপর এক গুরুত্বপূর্ণ কিতাব

বাইআ'ত ও সিরাতে মুস্তাকীম

শায়খুল হাদীস মুফতী মুহাম্মদ জসীমুদ্দীন রাহমানী

পরিচালক	: মারকাজুল উলূম আল ইসলামিয়া, ঢাকা, বাংলাদেশ।
খতীব	: মারকাজ জামে মসজিদ, মুহাম্মদপুর, ঢাকা।
সাবেক মুহাদ্দিস	: জামিয়া রাহমানিয়া আরাবিয়া, সাত মসজিদ মাদরাসা, মুহাম্মদপুর, ঢাকা।
সাবেক শাইখুল হাদীস	: জামিয়া ইসলামিয়া মাহমুদিয়া, বরিশাল। মোবাইল: ০১৭১২১৪২৮৪৩

আল হাদীদ পাবলিকেশন্স

(মারকাজের একটি সহযোগী প্রতিষ্ঠান)

মেট্রো হাউজিং, বছিলা রোড, মুহাম্মদপুর, ঢাকা।

মোবাইল: ০১৭১২১৪২৮৪৩, ০১৯২৫৯৩২৫৬৫

কুরআন ও সহীহ হাদীসের আলোকে বাইআ'ত, সিরাতে মুস্তাকীম ও ইসলামের অপরিহার্য বিষয়াবলীর উপর এক গুরুত্বপূর্ণ কিতাব

বাইআ'ত ও সিরাতে মুস্তাকীম

শায়খুল হাদীস মুফতী মুহাম্মদ জসীমুদ্দীন রাহমানী

সহযোগিতায়:

মুফতী মুহা:রহমতুল-াহ

শিক্ষক: মারকাজুল উলূম আল ইসলামিয়া, ঢাকা

প্রকাশনায়:

আল-হাদীদ পাবলিকেশন্স

(মারকাজের একটি সহযোগী প্রতিষ্ঠান)

মেট্রো হাউজিং, বছিলা রোড, মুহাম্মদপুর, ঢাকা।

মোবাইল: ০১৭১২১৪২৮৪৩, ০১৯২৫৯৩২৫৬৫

www.markajululom.com
www.markaj.webnode.com
http://jumuarkhutba.wordpress.com

প্রথম প্রকাশ : মার্চ ২০১২ ইং

মূল্য ঃ ৪০ (চলি-শ) টাকা মাত্র।

Bayat o Sirate Mustakim
Shaikh Mufti Jashimuddin Rahmani
Al Hadid Publications
Price : 40.00 Tk. US.$ 2.00

ভূমিকা

বর্তমান বিশ্বের মুসলিম জাতি আজ দু'টি বিষয়ে খুবই উদাসীন। অথচ ইসলামের অস্তিত্ব ও স্থায়ীত্বের জন্য ঐ দুটো জিনিষ খুবই প্রয়োজন। একটির সম্পর্ক ঈমান ও আক্বিদার সাথে, অপরটির সম্পর্ক আমলের সাথে। একটির সম্পর্ক ইবাদতের ভিতরের অবকাঠামোর সঙ্গে, অপরটির সম্পর্ক বাহিরের অবকাঠামোর সঙ্গে। আর তা হলো: তাওহীদ ও জিহাদ।
তাওহীদ হলো মুসলিম জাতির ঈমানের মূল ভিত্তি বা ভিতরের অবকাঠামো। আর জিহাদ হলো ইসলামের স্থায়ীত্বের মূল ভিত্তি বা বাহিরের অবকাঠামো।

অন্তরে লক্ষ্য-উদ্দেশ্য হবেন আল-াহ (সুব:)। সেই লক্ষ্যের দিকে চলতে হবে ঐ পথ ধরেই যে পথ ' تَنْزِيلٌ مِنْ رَبِّ الْعَالَمِينَ ' রাব্বুল আলামীনের পক্ষ থেকে নাযিলকৃত, ' نَزَلَ بِهِ الرُّوحُ الْأَمِينُ ' রূহুল আমীন জিবরাইল (আ:) এর মাধ্যমে নাযিলকৃত এবং ' عَلَى قَلْبِكَ لِتَكُونَ مِنَ الْمُنْذِرِينَ ' যা নাযিল করা হয়েছে রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর অন্তরে। যাতে তিনি লোকদের সতর্ক করতে পারেন। অর্থাৎ সকল কাজ করতে হবে রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর বাতলানো পদ্ধতি বা অহীর অনুসরন করে।

কিন্তু আজ মুসলিম জাতির ভিতরে এই দু'টি জিনিষেরই অভাব। কারো ভিতরে তাওহীদ আছে কিন্তু জিহাদ নেই। বরং আছে বহু দলীয় গণতন্ত্র, সমাজতন্ত্র, রাজতন্ত্র ইত্যাদির মাধ্যমে বহু রব ও বহু ইলাহের ইবাদত। আবার কারো ভিতরে জিহাদ আছে কিন্তু তাওহীদ নেই। আছে পীর-মুরিদী, কবর-মাজার, খানকা-দরগা ইত্যাদি কর্তৃক তৈরীকৃত সুন্নাহ বিবর্জিত বহু ত্বরীকার মনগড়া আমল। আর এর মাধ্যমে সহজে জান্নাতে যাওয়ার নব আবিস্কৃত শিরক-বিদআতে জর্জরিত চিশতিয়া, কাদেরিয়া,

নকশাবন্দিয়া, ছাবেরিয়া ইত্যাদি নামক তথাকথিত শর্টকাট রাস্তা। যার ফলে উম্মাহ আজ সঠিক পথ নির্ধারণে দ্বিধাগ্রস্থ।

এই সার্বিক বিষয়টিকে সামনে রেখে অতি সংক্ষেপে ইসলামের দুটি গুরুত্বপূর্ণ বিষয় **'বাইআ'ত'** ও **'সিরাতে মুস্তাকীম'** সম্পর্কিত মৌলিক শিক্ষাগুলো এই বইয়ে তুলে ধরার চেষ্টা করেছি। যাতে করে মুসলিম জাতিকে মানব রচিত সকল প্রকার তন্ত্র-মন্ত্র পরিহার করে কুরআন-সুন্নাহ ভিত্তিক জীবন গঠনের পথ দেখানো যায়।

যেহেতু আমি নিজে কোন বাংলা সাহিত্যিক নই এবং আমার সঙ্গে যারা এই গুরুত্বপূর্ণ কাজে সহযোগীতা করছে তারাও কেউ বাংলা ভাষায় পারদর্শী নয়, তাই ভাষাগত ভুল-ত্রুটি থাকা খুবই স্বাভাবিক। তাই ভাষার দিকে না তাকিয়ে বিষয়বস্তুকে গুরুত্ব দেওয়ার জন্যই বিশেষভাবে অনুরোধ রইল। আল-াহ (সুব:) আমাদের সকলকে তাঁর দ্বীনের জন্য কবুল করুন। আমীন!

মুহাম্মদ জসীমুদ্দীন রাহমানী
পিতা: মৃত নূর মুহাম্মদ হাওলাদার
গ্রাম+পোষ্ট: হেউলিবুনিয়া, থানা+জেলা: বরগুনা
পরিচালক: মারকাজুল উলূম আল ইসলামিয়া
বছিলা রোড়, মুহাম্মদপুর, ঢাকা, বাংলাদেশ
মোবাইল: ০১৭১২১৪২৮৪৩

সূচীপত্র

اَلْبَيْعَةُ "বাইআ'ত"

مَعْنَيْ الْبَيْعَةِ لُغَةً: শাব্দিক অর্থে বাইআ'ত:

বাইআহ এর শাব্দিক অর্থ

قَالَ الْبَرْكَتِيْ: (اَلْبَيْعَةُ عِبَارَةٌ عِنِ الْمُعَاقَدَةِ وَالْمُعَاهَدَةِ وَالتَّوْلِيَةِ وَعقْدِهَا

আল্লামা আল-বারকাতী রহ. বলেন: বাইআ'ত অর্থ চুক্তিবদ্ধ হওয়া, অঙ্গীকারাবদ্ধ হওয়া, নেতৃত্ব মেনে নেওয়া, প্রতিজ্ঞাবদ্ধ হওয়া, আনুগত্য স্বীকার করা ও আনুগত্যের প্রতিশ্রুতি দেওয়া।[১]

قَالَ اَبْنُ الْأَثِيْرِ: إِنَّ الْبَيْعَةَ عِبَارَةٌ عَنِ الْمُعَاقَدَةِ وَالْمُعَاهَدَةِ،

ইবনুল আসীর র. বলেন, বাইআ'ত হচ্ছে প্রতিজ্ঞা ও আনুগত্য স্বীকার করা।[২]

وَقَالَ الْرَاغِبُ الْأَصْفَهَانِيْ: وَبَايَعَ السُّلْطَانُ إِذَا تَضَمَّنَ بَذْلَ الطَّاعَةِ لَهُ، وَيُقَالُ لِذَلِكَ بَيْعَةٌ وَمُبَايَعَةٌ

আল্লামা রাগেব ইস্পাহানি রহ. বলেন: শাসকের পূর্ণ আনুগত্য করাকে বাইআ'ত ও মুবাইআ'ত বলা হয়।[৩]

مَعْنَيْ الْبَيْعَةِ اِصْطِلَاحًا: ইসলামের পরিভাষায় বাইআ'ত:

وَقَالَ اِبْنُ خَلْدُوْنَ: اِعْلَمْ أَنَّ الْبَيْعَةَ هِيْ الْعَهْدُ عَلَى الطَّاعَةِ، كَأَنَّ الْمُبَايِعَ يُعَاهِدُ أَمِيْرَهُ عَلَىْ أَنَّهُ يُسَلِّمُ لَهُ النَّظْرَ فِيْ أَمْرِ نَفْسِهِ وَأُمُوْرِ الْمُسْلِمِيْنَ، لَاْ يُنَازِعُهُ فِيْ شَيْءٍ مِنْ ذَلِكَ، وَيُطِيْعُهُ فِيْمَا يُكَلِّفُهُ بِهِ مِنَ الْأَمْرِ عَلَىْ الْمَنْشَطِ وَالْمُكْرَهِ

অর্থ: "ইবনে খালদুন বলেন, বাইআ'ত হল আনুগত্যের ব্যাপারে প্রতিশ্রুতি দেওয়া যেন বাইআ'তদাতা তার আমীরের সাথে প্রতিশ্রুতিবদ্ধ হল তার নিজের ব্যাপারে ও মুসলিমীনদের ব্যাপারে আমীরের নির্দেশ মেনে চলবে। সুখে-দুঃখে সচ্ছল-অসচ্ছল সর্বাবস্থায় আমীরের নির্দেশ মেনে চলবে তার বিরোধিতা না করে।"[৪]

---

[১] আল বাইআতুল খাচ্ছাহ ওয়াল আ'ম্মাহ পৃ: ১৮৩ , লিসানুল আরব খন্ড নং ১ পৃঃ ৫৭০।
[২] আন্ নিহায়া লি ইবনিল আছির খন্ড ১ পৃঃ ১৭৪।
[৩] আল-মুফরাদাত ফি গারীবুল কুরআন (আল্লামা ইস্পাহানি)।
[৪] মুকাদ্দামাতে ইবনে খালদুন পৃঃ ২০৯।

هِيَ إِعْطَاءُ الْعَهْدِ مِنَ الْمُبَايِعِ عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ لِلْإِمَامِ فِيْ غَيْرِ مَعْصِيَةٍ، فِيْ الْمَنْشَطِ وَالْمُكْرَهِ وَالْعُسْرِ وَالْيُسْرِ وَعَدَمِ مُنَازَعَتِهِ الْأَمْرِ وَتَفْوِيْضِ الْأُمُوْرِ إِلَيْهِ

বাইআ'ত অর্থ হচ্ছে: ইচ্ছায় অনিচ্ছায় সুখে-দুঃখে সচ্ছল-অসচ্ছল সর্ব অবস্থায় নাফরমানী ছাড়া ইসলামী রাষ্ট্র প্রধানের কথা শ্রবণ করা ও আনুগত্য করা তার নির্দেশের বিরোধিতা না করা ও তার সকল কার্যাবলী বাস্তবায়নের জন্য অঙ্গিকার প্রদান করা।[৫]

وَجهُ التَّسْمِيَةِ নামকরণ:

বাইআ'তকে বাইআ'ত কেন বলা হয় এ প্রসঙ্গে ছাহেবে মিরআ'ত বলেন

سُمِّيَتِ الْمُعَاهَدَةُ عَلَي الْاِسْلَامِ بِالْمُبَايَعَةِ تَشْبِيْهًا لِنَيْلِ الثَّوَابِ فِيْ مُقَابَلَةِ الطَّاعَةِ بِعَقْدِ الْبَيْعِ الَّذِيْ هُوَ مُقَابَلَةُ مَالٍ, كَاَنَّهُ بَاعَ مَا عِنْدَهُ مِنْ صَاحِبِهِ وَاَعْطَاهُ خَالِصَةَ نَفْسِهِ وَ طَاعَتِهِ كَمَا فِيْ قَوْلِهِ تَعَالَي (اِنَّ اللهَ اشْتَرَيْ مِنَ الْمُؤْمِنِيْنَ) الاية

অর্থ: "ইসলামের উপরে কৃত অঙ্গীকারকে বায়আত এ জন্য বলা হয়েছে যে, ব্যবসায়িক চুক্তির বিপরীতে যেমন সম্পদ লাভ করা হয়, অনুরূপভাবে আমীরের নিকট আনুগত্যের বিপরীতে পুণ্য লাভ হয়। যেমন আল-াহ বলেন: 'নিশ্চয়ই আল-াহ মুমিনদের জান-মাল খরিদ করে নিয়েছেন জান্নাতের বিনিময়ে....(সুরা তাওবা:১১৫)।" [৬]

বাইআ'তের ইতিহাস:

রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম তায়েফ থেকে ফিরে আসার পরে হজ্জ মৌসূমে বিপূল উৎসাহ-উদ্দীপনা নিয়ে ইসলামের দা'ওয়াত দিতে শুরু করেন। এরপরে ইয়াছরিবের বিখ্যাত কবি সুওয়াইদ বিন ছামিত, খ্যাতনামা ছাহাবী আবু জর গিফারী, ইয়ামানের কবি ও গোত্রনেতা তুফায়েল বিন আমর, অন্যতম ইয়ামানী নেতা যিমাদ আল আযদী ইসলাম গ্রহণ করেন।

১১ নববী বর্ষে ৬২০ খৃষ্টাব্দের জুলাই মাসে ইয়াছরিবের খাযরাজ গোত্রের ৬ জন সৌভাগ্যবান যুবক হজ্জে আগমন করেন, যাদের নেতা ছিলেন সর্বকনিষ্ঠ

[৫] ইমামাতুল উজমা ইনদা আহলিস্ সুন্নাহ ওয়াল জামাআহ্ পৃঃ ১৯৯।
[৬] মিরআতুল মাফাতীহ হাদীস নং ১৮ এর ব্যাখ্যা ১ম খন্ড ৭৫ পৃষ্ঠা।

তরুণ আসআ'দ বিন যুরারাহ। বাকী পাঁচ জন হলেন, 'আওফ ইবনুল হারিছ, রাফে' বিন মালেম, কুৎবা বিন আমের, উক্বাহ বিন আমের ও জাবের বিন আবদুল-াহ। রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম আবু বকর ও আলী রা. কে সাথে নিয়ে মিনায় তাবুতে তাবুতে দাওয়াত দেওয়ার এক পর্যায়ে তাদের নিকট পৌঁছেন। তারা ইতিপূর্বে ইয়াছরিবের ইহুদীদের নিকটে আখেরী নবীর আগমন বার্তা শুনেছেন। ফলে রাসূলের দাওয়াত তারা দ্রুত কবুল করে নেন। তারা তাঁর আগমনের মাধ্যমে গৃহযুদ্ধে ক্ষত-বিক্ষত ইয়াছরিবে শান্তি স্থাপিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং তাঁকে ইয়াছরিবে হিজরতের আমন্ত্রণ জানান।

বলা বাহুল্য, হজ্জ থেকে ফিরে গিয়ে উক্ত ছয় জনের ক্ষুদ্র দলটি ইয়াছরিবের ঘরে ঘরে ইসলামের দাওয়াত পৌঁছে দেন এবং পরবর্তী বছরে ১২ নববী বর্ষের হজ্জ মওসুমে জাবের বিন আবদুল-াহ ব্যতিরেকে পুরানো ৫ জন ও নতুন ৭ জন মোট ১২ জন এসে মিনাতে রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর নিকটে বাইআ'ত করেন। এদের মধ্যে ২ জন ব্যতিত সবাই ছিল খাজরাজী। দুই জন ছিল আউস গোত্রের। এটাই ছিল আক্বাবার প্রথম বাইআ'ত।

'আক্বাবাহ' অর্থ পাহাড়ী সুড়ঙ্গ পথ। এই পথেই মক্কা থেকে মিনায় আসতে হয়। এরই মাথায় মিনার পশ্চিম পার্শ্বে এই স্থানটি ছিল নির্জন। এখানে পাথর মেরে হাজী সাহেবগণ পূর্ব প্রান্তে মিনার মসজিদে খায়েফের আশ-পাশে আশ্রয় নিয়ে রাত্রি যাপন করে থাকেন। এখানে 'জামরায়ে কুবরা' অবস্থিত। এখানেই ইসমাইল বংশের শ্রেষ্ঠ সন্তান শেষ নবী মুহাম্মাদ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম মানবরূপী শয়তানদের বিরূদ্ধে অহির বিধান কায়েমের জন্য ঐতিহাসিক বায়আত গ্রহণ করেন। ঐদিনের ঐ আক্বীদার বিপ-ব পরবর্তীতে শুধু মক্কা-মদীনায় নয়, বরং বিশ্ব রাজনীতি, অর্থনীতি, সমাজনীতি সবকিছুতে ব্যাপক পরিবর্তনের সূচনা করে ও অবশেষে তা সার্বিক সমাজ বিপ-ব সাধন করে। ১২ নববী বর্ষের হজ্জের মওসূমে ঐদিনকার বাইআ'তকারীদের মধ্যে নতুন আগত খ্যাতনামা সাহাবী উবাদাহ বিন সামিত আনছারী রা. উক্ত বায়আতের বর্ণনা দিয়ে বলেন,

عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ تَعَالَوْا بَايِعُونِي عَلَى أَنْ لَا تُشْرِكُوا بِاللَّهِ شَيْئًا وَلَا تَسْرِقُوا وَلَا تَزْنُوا وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ وَلَا تَأْتُوا بِبُهْتَانٍ تَفْتَرُونَهُ بَيْنَ أَيْدِيكُمْ وَأَرْجُلِكُمْ وَلَا تَعْصُونِي فِي مَعْرُوفٍ فَمَنْ وَفَى مِنْكُمْ فَأَجْرُهُ عَلَى اللَّهِ وَمَنْ أَصَابَ مِنْ ذَلِكَ شَيْئًا فَعُوقِبَ بِهِ فِي الدُّنْيَا فَهُوَ لَهُ كَفَّارَةٌ وَمَنْ أَصَابَ مِنْ ذَلِكَ شَيْئًا فَسَتَرَهُ اللَّهُ فَأَمْرُهُ إِلَى اللَّهِ إِنْ شَاءَ عَاقَبَهُ وَإِنْ شَاءَ عَفَا عَنْهُ قَالَ فَبَايَعْتُهُ عَلَى ذَلِكَ

অর্থ: উবাদা ইবনে সামেত রা. থেকে বর্ণিত, তিনি বলেন রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম আমাদের ডেকে বলেন, এসো! আমার নিকটে তোমরা একথার উপরে বাইআ'ত করো যে, আল-াহর সাথে কোন কিছুকে শরীক করবে না, চুরি করবে না, যেনা করবে না, তোমাদের সন্তানদের হত্যা করবে না, কারো প্রতি মিথ্যা অপবাদ দিবে না, শরীআ'ত সম্মত কোন বিষয়ে অবাধ্য হবে না। যে ব্যক্তি উক্ত অঙ্গিকার পূর্ণ করবে, তার জন্য পুরস্কার রয়েছে আল-াহর নিকটে। কিন্তু যে ব্যক্তি এসবের মধ্যে কোন একটি অন্যায়ে লিপ্ত হবে, অত:পর দুনিয়াতেই তার আইন সংগত শাস্তি হয়ে যাবে, সেটি তার জন্য কাফফারা হবে। পক্ষান্তরে যে ব্যক্তি এসবের কোন একটি করে, অত:পর আল-াহ তা গোপন রাখেন (যে কারণে তার শাস্তি হতে পারেনি) তাহলে উক্ত শাস্তির বিষয়টি আল-াহর মর্জির উপরে নির্ভর করবে। তিনি ইচ্ছা করলে তাকে পরকালে শাস্তি দিতে পারেন, ইচ্ছা করলে মাফও করে দিতে পারেন।

হাদীসের বর্ণনাকারী সাহাবী উবাদাহ বিন সামেত রা. বলেন, আমরা একথাগুলির উপরে তাঁর নিকট বাইআ'ত করলাম।

বলা বাহুল্য যে, বাইআ'তের উক্ত ৬টি বিষয় তৎকালিন আরবীয় সমাজে প্রকটভাবে বিরাজমান ছিল। আজও বাংলাদেশসহ পৃথিবীর সর্বত্র উক্ত বিষয়গুলো প্রকটভাবে বিরাজমান রয়েছে।

এরপর উক্ত বাইআ'তের দাবীর প্রেক্ষিতে রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম 'মুসআব বিন উমায়ের' রা. নামক একজন তরুণ দাঈকে তাদের সাথে ইয়াছরিবে প্রেরণ করেন। তিনিই ছিলেন ইসলামের ইতিহাসে মদীনায় প্রেরিত প্রথম দাঈ।

সেখানে গিয়ে তিনি ও তাঁর মেজবান তরুন ধর্মীয় নেতা আস'আদ বিন যুরারাহ বিপুল উৎসাহ-উদ্দীপনায় ইয়াছরিবের ঘরে ঘরে তাওহীদের দাওয়াত পৌঁছাতে শুরু করেন। যার ফলশ্রুতিতে পরের বছর ১৩ নববী বর্ষের হজ্জ মওসুমে ৬২২ খৃষ্টাব্দের জুন মাসে আইয়ামে তাশরীক্বের মধ্যভাগের এক গভীর রাতে পূর্বোক্ত পাহাড়ী সুড়ঙ্গ পথে (আক্বাবায়) ৭৩ জন পুরুষ ও ২ জন মহিলার একটি বিরাট দলের আগমন ঘটে। চাচা আব্বাস রা. কে সাথে নিয়ে (যিনি তখনও ইসলাম কবুল করেন নি) রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম তাদের নিকট গমন করেন ও রাত্রির প্রথম প্রহর শেষে নিঃশব্দ রজনীতে বাইআ'তের পূর্বে চাচা আব্বাস তাদেরকে এই বাইআ'তের পরকালীন গুরুত্ব এবং দুনিয়াতে সম্ভাব্য দু:খ-কষ্টের কথা স্মরণ করিয়ে দিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এতে তারা স্বীকৃত হলে বিগত দু'বছরে ইসলাম গ্রহণকারীদেরকে পরপর দাঁড় করানো হয়।

অত:পর রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম তাদের নিকটে কুরআন তেলাওয়াত অন্তে তাওহীদের দাওয়াত দিয়ে কিছু বক্তব্য রাখেন। তখন তারা সকলে বলেন, "আমরা আমাদের জান-মালের ক্ষয়-ক্ষতির বিনিময়ে অত্র অঙ্গীকার করছি। কিন্তু এর বিনিময়ে আমরা কি পাব?"

রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বললেন, "জান্নাত।"

তখন তারা বললেন, أُبْسُطْ يَدَكَ "আপনার হাত বাড়িয়ে দিন।"

অত:পর আসআ'দ বিন যুরারাহ নেতা হিসাবে প্রথম তাঁর হাতে বাইআ'ত করেন ও তারপর একে একে সকলে রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর হাতে বাইআ'ত করেন। মহিলা দু'জন মুখে বলার মাধ্যমে বাইআ'ত করেন। সৌভাগ্যবতী ঐ দু'জন মহিলা ছিলেন বনু মা'জেন গোত্রের 'নুসাইবাহ বিনতে কা'ব উম্মে উমারাহ' এবং বনু সালামাহ গোত্রের 'আসমা বিনতে আমর উম্মে মুনী'। উক্ত বাইআ'তের বক্তব্য ছিল নিম্নরূপ:

عَنْ جَابِرٍ ... فَقُلْنَا يَا رَسُولَ اللَّهِ عَلَامَ نُبَايِعُكَ قَالَ تُبَايِعُونِي عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِي النَّشَاطِ وَالْكَسَلِ وَعَلَى النَّفَقَةِ فِي الْعُسْرِ وَالْيُسْرِ وَعَلَى الْأَمْرِ بِالْمَعْرُوفِ وَالنَّهْيِ عَنْ الْمُنْكَرِ وَعَلَى أَنْ تَقُومُوا فِي اللَّهِ لَا تَأْخُذُكُمْ فِيهِ لَوْمَةُ لَائِمٍ وَعَلَى أَنْ تَنْصُرُونِي إِذَا قَدِمْتُ يَثْرِبَ فَتَمْنَعُونِي مِمَّا تَمْنَعُونَ مِنْهُ أَنْفُسَكُمْ وَأَزْوَاجَكُمْ وَأَبْنَاءَكُمْ وَلَكُمْ الْجَنَّةُ

অর্থ: "জাবের রা. থেকে বর্ণিত তিনি বলেন, আমরা রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম কে বললাম আমরা আপনার নিকটে কি বিষয়ে বাইআ'ত করব?

জবাবে রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বললেন,

১. আনন্দে ও অলসতায় (সুখে-দু:খে) সর্বাবস্থায় আমার কথা শুনবে ও মানবে।

২. অস্বচ্ছল ও স্বচ্ছল সর্বাবস্থায় আল-াহর রাস্তায় মাল খরচ করবে।

৩. ভাল কাজের নির্দেশ দিবে ও অন্যায় কাজ থেকে বিরত রাখবে।

৪. আল-াহর পথে (যুদ্ধ করার জন্য) সদা-সর্বদা প্রস্তুত থাকবে এবং

৫. উক্ত বিষয়ে কোন নিন্দুকের নিন্দাকে ভয় করবে না।

৬. যখন আমি তোমাদের নিকটে হিজরত করে যাব, তখন তোমরা তোমাদের নিজেদেরকে এবং তোমাদের স্ত্রী-সন্তানদেরকে যেভাবে হেফাযত করে থাক ঠিক সেভাবে আমাকেও সাহায্য করবে এবং হেফাযত করবে। আর এর বিনিময়ে তোমাদের জন্য পুরষ্কার রয়েছে জান্নাত।"[৭]

অত:পর রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম উক্ত ৭৫ জনকে ১২ জন নকীব (নেতার) এর অধীনে ন্যস্ত করেন। যার মধ্যে ৯ জন ছিলেন খাযরাজ গোত্রের ও ৩ জন ছিলেন আউস গোত্রের। ঐ ১২ জন নকীব বা নেতার মধ্যে খাযরাজ গোত্রের ৯ জন হলেন। ১. আসআ'দ বিন যুরারাহ ২. সা'দ বিন রাবী ৩. আবদুল-াহ বিন রাওয়াহাহ ৪. রাফে বিন মালেক ৫. বারা বিন মারূ'র ৬. আবদুল-াহ বিন আমর বিন হারাম, খ্যাতনামা সাহাবী জাবের রা. এর পিতা আবদুল-াহ ৭. উবাদাহ বিন ছামিত ৮. সা'দ বিন উবাদাহ ৯. মুনযির বিন আমর। আউস গোত্রের তিন জন হলেন ১. উসায়েদ বিন হুযায়ের ২. সা'দ বিন খায়ছামাহ ৩. রেফাআ'হ বিন আবদুল মুনযির। অতপর নেতা এবং দায়িত্বশীল হিসাবে তাদের থেকে রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম পূনরায় অঙ্গীকার নেন এবং বলেন যে, "তোমরা তোমাদের কওমের উপরে দায়িত্বশীল, যেমন হাওয়ারীগণ ঈসা ইবনে মারয়ামের পক্ষ থেকে দায়িত্বশীল ছিলেন এবং আমি আমার কওমের উপরে (অর্থাৎ মুসলিমদের উপরে) দায়িত্বশীল।"

[৭] মুসনাদে আহমাদ ১৪৬৫৩।

এভাবে ইমারত ও বাইআ'তের মাধ্যমে বিশ্ব ইতিহাসে ইসলামী সমাজ বিপ-বের সূচনা হয়। এর ফলাফল সবারই জানা আছে। এই বাইআ'ত দ্বিতীয় আক্বাবার বাইআ'ত বা বাইআ'তে কুবরা নামে খ্যাত। নিঃসন্দেহে এই বাইআ'তের মূল শিকড় প্রোথিত ছিল ঈমানের উপরে। যে ঈমান কোন দুনিয়াবী লোভ-লালসা, ভয়-ভীতির কাছে মাথা নত করে না। যে ঈমানের সু-বাতাস সমাজে প্রবাহিত হলে মানুষের আক্বীদা ও আমলে সূচিত হয় বৈপ-বিক পরিবর্তন। যে ঈমানের বলেই মুসলিমগণ যুগে যুগে ইতিহাসের পাতায় নিজেদের শ্রেষ্ঠত্বের স্বাক্ষর রাখতে সক্ষম হয়েছে। আজও তা মোটেই অসম্ভব নয় -যদি সেই ঈমান ফিরিয়ে আনা যায়। আল-াহ (সুব:) ইরশাদ করেন:

{وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنْتُمُ الْأَعْلَوْنَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ } [آل عمران : ১৩৯]

অর্থ: "আর তোমরা দুর্বল হয়ো না এবং দু:খিত হয়ো না, আর তোমরাই বিজয়ী হবে, যদি মুমিন হয়ে থাক।"[৮]

حكم البيعة: বাইআ'তের হুকুম:

بَيْعَةُ إِمَامِ الْمُسْلِمِيْنَ , وَاجِبَةٌ عَلَيْ كُلِّ مُسْلِمٍ, لَاْ يَسَعُ لِأَحَدٍ اَلتَّنَصُّلُ مِنْهَا أَوِ الْخُرُوْجِ عَلَيْهَا الْبَتَّةَ.

ইমামূল মুসলিমীনের কাছে বাইআ'ত দেয়া প্রত্যেক মুসলিমদের উপর ওয়াজীব। এর থেকে বিচ্ছিন্ন থাকা বা বিদ্রোহ করার সুযোগ কারো নেই। আল-াহর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম ইরশাদ করেন:

عن عبدالله بن عمر قال: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ « مَنْ خَلَعَ يَدًا مِنْ طَاعَةٍ لَقِىَ اللَّهَ يَوْمَ الْقِيَامَةِ لاَ حُجَّةَ لَهُ وَمَنْ مَاتَ وَلَيْسَ فِى عُنُقِهِ بَيْعَةٌ مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً

অর্থ: হযরত আব্দুল-াহ ইবনে ওমর রা. বলেন, আমি শুনেছি রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম ইরশাদ করেছেন: যে ব্যক্তি শাসক বা ইমামের আনুগত্য হতে হাত গুটিয়ে নিলো, কিয়ামতের দিন সে আল-াহর সাথে এমন অবস্থায় সাক্ষাৎ করবে যে, তার কাছে (ওযর-আপত্তির) প্রমাণ

[৮] সুরা আল ইমরান ৩:১৩৯।

থাকবে না। আর যেই ব্যক্তি এমন অবস্থায় মৃত্যুবরণ করে যে, সে ইমাম (শাসক)-এর আনুগত্যের বায়আ'ত করে নি, সে জাহেলিয়্যাতের মৃত্যুবরণ করলো।[৯]

عن ابن عمر قال سمعت رسول صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول: مَنْ مَاتَ وَلاَ بَيْعَةَ عَلَيْهِ مَاتَ مِيْتَةً جَاهِلِيَّةٍ

অর্থ: ইবনে উমর রা. হতে বর্ণিত তিনি বলেন যে, আমি রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম কে বলতে শুনেছি; যে ব্যক্তি বাইআ'ত বিহীন মারা গেল সে জাহেলিয়্যাতের মৃত্যুবরণ করল।[১০]

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ « كَانَتْ بَنُو إِسْرَائِيلَ تَسُوسُهُمُ الأَنْبِيَاءُ كُلَّمَا هَلَكَ نَبِيٌّ خَلَفَهُ نَبِيٌّ وَإِنَّهُ لاَ نَبِيَّ بَعْدِى وَسَتَكُونُ خُلَفَاءُ فَتَكْثُرُ ». قَالُوا فَمَا تَأْمُرُنَا قَالَ « فُوا بِبَيْعَةِ الأَوَّلِ فَالأَوَّلِ وَأَعْطُوهُمْ حَقَّهُمْ فَإِنَّ اللَّهَ سَائِلُهُمْ عَمَّا اسْتَرْعَاهُمْ

অর্থ: রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেন, বনী ইসরাইল এর নবীগন তাদের উম্মত কে শাসন করতেন। যখন কোন একজন নবী ইন্তেকাল করতেন তখন অন্য একজন নবী তার স্থলাভিষিক্ত হতেন। আর আমার পরে কোন নবী নেই, তবে অনেক খলিফা হবে। সাহাবাগন আরজ করলেন ইয়া রাসুলাল-াহ আমাদের কে কি নির্দেশ করছেন? তিনি বললেন তোমরা একের পর এক তাদের বাইআ'তের হক আদায় করবে। তোমাদের উপর তাদের যে হক রয়েছে তা আদায় করবে। আর নিশ্চয়ই আল-াহ তায়ালা তাদের জিজ্ঞাসা করবেন ঐ সকল বিষয় সমন্ধে যে সবের দায়িত্ব তাদের উপর অর্পন করা হয়েছিল।"[১১]

لِمَنْ تَكُوْنُ لَهُ الْبَيْعَةُ

বাইআ'ত গ্রহণ করবে কে?

[৯] মুসলিম হা: নং ১৮৫১, আবু আওয়ানাহ্ ৭১৫৩, বাইহাক্বী ১৬৩৮৯, জামেউল আহাদীস ২২১৪৮
[১০] তাবরানী ১/৭৯ নং ২২৫, জামেউল আহাদীস ২৩৯৩৮, কানযুল উম্মাল ৪৬২
[১১] সহীহ বুখারী-৩৪৫৫,৩২১০ মুসলিম ৪৮৭৯

اَلْبَيْعَةُ لاَ تَكُوْنُ إِلَّا لِوَلِيِّ أَمْرِ الْمُسْلِمِيْنَ يُبَايِعُهُ أَهْلُ الْحَلِّ وَالْعَقْدِ ، وَهُمْ الْعُلَمَاءُ وَالْفُضَلَاءُ وَوُجُوْهُ النَّاسِ ، فَإِذَا بَايَعُوْهُ ثَبَتَتْ وَلَايَتَهُ ، وَلاَ يَجِبُ عَلَىٰ عَامَّةِ النَّاسِ أَنْ يُبَايِعُوْهُ بِأَنْفُسِهِمْ ، وَإِنَّمَا الْوَاجِبُ عَلَيْهِمْ أَنْ يَلْتَزِمُوْا طَاعَتَهُ فِيْ غَيْرِ مَعْصِيَةِ اللهِ تَعَالَىٰ

বাইআ'ত নেওয়ার অধিকার একমাত্র মুসলিম খলিফার। তার কাছে জ্ঞানী ব্যক্তিরা বাইআ'ত দিবে। তারা হচ্ছে উলামা এবং সমাজের গুরত্বপূর্ণ ব্যক্তিবর্গ। যখন তারা আমীরের কাছে বাইআ'ত দিবে তখন আমীরের কর্তৃত্ব সাব্যস্ত হবে। প্রত্যেক জনসাধারণ আমীরের কাছে আলাদাভাবে বাইআ'ত দেয়া ওয়াজীব নয়। বরং তাদের জন্য ওয়াজীব হচ্ছে আমীরের আনুগত্যকে অত্যাবশ্যকীয় করে নেওয়া আল-াহর নাফরমানী ছাড়া।[১২]

বর্তমানে প্রচলিত পীর-মুরীদির বাইআ'ত তথা তরীক্বার বাইআ'ত ও ফক্বীর-হাক্বীরের বাইআতের কোন ভিত্তি নেই। রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর জীবদ্দশায় সাহাবায়ে কিরাম বিভিন্ন জায়গায়, বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়েছিলেন। কিন্তু তারা কেউ নিজের পক্ষে বাইআ'ত নেন নাই। তেমনি ভাবে মুসলিম জাতির খিলাফত ব্যবস্থা চলাকালীন সময়ে সাহাবায়ে কিরামগণ বিশ্বের বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েন। তারাও কেউ বাইআ'ত নেন নাই। ইমাম আবু হানিফা রহ., ইমাম মালেক রহ., ইমাম শাফী রহ., ইমাম আহমদ ইবনে হম্বল রহ., ইমাম বুখারী রহ., ইমাম মুসলিম রহ. সহ কোন ইমাম তার অনুসারীদের থেকে বাইআ'ত নিয়েছেন এমন কোন প্রমাণ নেই।

পীরবাদ ও বাইআ'ত গ্রহণ রীতি:

বস্তুত বাইআ'ত করা রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর নির্দেশ বটে; কিন্তু পীর-মুরীদীর বায়আত সম্পূর্ণ বিদআত, যেমন বিদয়াত স্বয়ং পীর-মুরীদী। বাইআ'ত দিতে হবে এবং বাইআ'ত না দিয়ে মারা গেলে জাহিলিয়াতের মৃত্যু হবে সহীহ হাদীস দ্বারা একথা প্রমাণিত সত্য। কিন্তু এই বায়আত দিতে হবে সমস্ত মুসলিম উম্মাহকে শুধুমাত্র একজন আমীরুল মুমিনীন বা খলিফাকে আনুগত্য করার শপথের জন্য। যেমন নবী করীম

[১২] বাইআতু জামাআতিত্ তাওহীদ ওয়াল জিহাদ।

সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামএর ইন্তিকালের পর খলীফা নির্বাচনী সভায় হযরত উমর ফারুক রা. সর্বপ্রথম বাইআ'ত করলেন হযরত আবূ বকর রা. এর হাতে।

চিশতীয়া, কাদিরিয়া, নকশাবন্দীয়া, মুজাদ্দিদীয়া ও মুহাম্মদীয়া তরীকায় ফকীর হাকীরের হাতে বাইআ'ত লওয়ার বর্তমানকালে প্রচলিত এই সিলসিলা এল কিভাবে, এ বায়আতের সাথে নবী করীম (সঃ) সাহাবাদের বাইআ'তের সম্পর্ক কি? মিল কোথায়? আসলে এ হচ্ছে ইসলামের একটি ভাল কাজকে খারাপ ক্ষেত্রে ও খারাপ উদ্দেশ্যে ব্যবহার করার মত ব্যাপার। আর এ কারণেই পীর মুরীদার ক্ষেত্রে হাতে হাতে কিংবা পাগড়ী ধরে অথবা পাগড়ী ধরা লোকের গায়ে গা মিলিয়ে বাইআ'ত করা সম্পূর্ণ বিদআত। আরো বড় বিদআ'ত হল মুরীদ ও পীরের কুরআন বাদ দিয়ে 'দালায়েলুল খায়রাত' নামে এক বানানো দরূদ সম্বলিত কিতাবের তিলাওয়াতে মশগুল হওয়া। মনে হয় এর তিলাওয়াত যেনো একেবারে ফরয। কিন্তু শরীয়াতে কুরআন ছাড়া আর কিছু তিলাওয়াত করাকে বড় সওয়াবের কাজ মনে করা, কুরআন অপেক্ষা অন্য কোন মানবীয় কিতাবকে অধিক গুরুত্বপূর্ণ মনে করা সুস্পষ্টরূপে এক বড় বিদআত।

তারা তাদের বাইআ'ত কে বৈধ করার জন্য যেমস্ত দলিল গুলো পেশ করে তা হচ্ছে কুরআনের সুরা ফাতাহের ১০ নং আয়াত। যে আয়াতে "বাইআ'তুর রিদওয়ান" এর কথা উলে-খ করা হয়েছে।

ওসমান রা. এর শাহাদাতের গুজব

যখন রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম মক্কায় ওসমান রা. কে দূত হিসেবে পাঠানোর পর মক্কার কুফ্ফাররা তাঁকে বন্দি করে তাদের কাছে রেখে দিল। দীর্ঘ সময় ওসমান রা. ফিরে না আসায় মুসলমানদের মধ্যে গুজব ছড়িয়ে পড়লো যে, তাকে হত্যা করা হয়েছে। আল-াহর রাসূলকে এ খবর জানানো হলে তিনি বললেন, কুরাইশদের সাথে যুদ্ধ না করে আমরা এ জায়গা থেকে ফিরে যাব না। একথা বলার পর তিনি সাহাবায়ে কিরামদের বাইআতের জন্য আহ্বান জানালেন। সাহাবায়ে কিরাম অত্যন্ত আগ্রহ দেখিয়ে এবং এ মর্মে বাইআ'ত করলেন যে, যুদ্ধের ময়দান ছেড়ে কেউ পলায়ন করবে না। সর্বাগ্রে বাইআ'ত করলেন আবু হাছান আছাদী রা.। ছালমা ইবনে

আকোয়া রা. তিনবার বাইআ'ত করলেন। শুরুতে একবার, মাঝামাঝি সময়ে একবার এবং শেষে একবার। আল-াহর রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম নিজের এক হাত অন্য হাতে নিয়ে বললেন, এ হাত ওসমানের। বাইআ'ত গ্রহণ শেষ হলে ওসমান রা. এসে হাযির হলে তিনিও বাইআ'ত করলেন। বাইআতে জাদ ইবনে কায়েস নামক একজন লোক অংশ নেয়নি। সে ছিল মুনাফিক।

রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম একটি গাছের নীচে এই বাইআ'ত গ্রহণ করেন। উমর রা. রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর হাত ধরে রেখেছিলেন। মা'কাল ইবনে ইয়াছার রা. গাছের কয়েকটি শাখা ধরে রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর উপর থেকে সরিয়ে রাখছিলেন। এই বাইআ'ত সম্পর্কে আল-াহ (সুব:) কুরআনুল কারীমে এই আয়াত নাযিল করেন:

{لَقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِي قُلُوبِهِمْ فَأَنْزَلَ السَّكِينَةَ عَلَيْهِمْ وَأَثَابَهُمْ فَتْحًا قَرِيبًا} [الفتح: ١٨]

অর্থ: অবশ্যই আল-াহ মুমিনদের উপর সন্তুষ্ট হয়েছেন, যখন তারা গাছের নিচে আপনার হাতে বাই'আত গ্রহণ করেছিল; অতঃপর তিনি তাদের অন্তরে কি ছিল তা জেনে নিয়েছেন, ফলে তাদের উপর প্রশান্তি নাযিল করলেন এবং তাদেরকে পুরস্কৃত করলেন নিকটবর্তী বিজয় দিয়ে। (সুরা ফাতাহ: ১৮)[১৩]

এই বায়আতে আল-াহ (সুব:) শুধু খুশিই হন নাই বরং এ বায়আতকে আল-াহ (সুব:) তার নিজের হাতে বায়আত বলে আখ্যায়িত করেছেন। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{إِنَّ الَّذِينَ يُبَايِعُونَكَ إِنَّمَا يُبَايِعُونَ اللَّهَ يَدُ اللَّهِ فَوْقَ أَيْدِيهِمْ فَمَنْ نَكَثَ فَإِنَّمَا يَنْكُثُ عَلَى نَفْسِهِ وَمَنْ أَوْفَى بِمَا عَاهَدَ عَلَيْهُ اللَّهَ فَسَيُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا} [الفتح: ١٠]

অর্থ: "আর যারা তোমার কাছে বাই'আত গ্রহণ করে, তারা শুধু আল-াহরই কাছে বাইআ'ত গ্রহণ করে; আল-াহর হাত তাদের হাতের উপর; অতঃপর যে কেউ ওয়াদা ভঙ্গ করলো তার ওয়াদা ভঙ্গের পরিণাম বর্তাবে তারই উপর।

---

[১৩] আর রাহীকুল মাখতুম ৩৫০।

আর যে আল-াহকে দেয়া ওয়াদা পূরণ করবে অচিরেই আল-াহ তাকে মহা পুরস্কার দেবেন।"[১৪]

ঐতিহাসিক বাইআ'তুর রিদওয়ানঃ

ইবনে ইসহাক বলেন, ওসমান রা. নিহত হয়েছেন এই মর্মে খবর পেয়ে রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বললেন, 'মোশরেকদের সাথে লড়াই না করে আমরা এ স্থান ত্যাগ করবো না।' অতপর রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম সকল মুসলমানকে বাইআ'ত (অঙ্গীকার) করার আহবান জানালেন। এটাই ছিলো গাছের নীচে বসে সম্পাদিত "বাইআ'তুর রিদওয়ান" বা "আল-াহর সন্তুষ্টির বাইআ'ত"। এ আয়াত সম্পর্কে সাধারণ মুসলমানদের মন্তব্য ছিলো এই যে, রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম মৃত্যুর জন্যে প্রস্তুত থাকার বাইআ'ত করিয়েছেন। জাবের ইবনে আব্দুল-াহ রা. বলতেন, রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম মৃত্যুর জন্যে প্রস্তুত থাকার বাইআ'ত নয়, বরং আমরা যেন পালিয়ে না যাই সে জন্যে বাইআ'ত করিয়েছেন।

এই বাইআতে অংশগ্রহণকারীদের মধ্য থেকে একমাত্র বনু সালামা গোত্রের সদস্য জাদ্দ বিন কায়েস ছাড়া আর কেউ রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম -কে ছেড়ে পিছিয়ে যায়নি। জাবের ইবনে আব্দুল-াহ রা. বলতেন, আল-াহ তায়ালার কসম, আমি যেন স্বচক্ষে দেখতে পাচ্ছি যে, জাদ্দ বিন কায়েস নিজেকে তার উটের বগলের সাথে লেপ্টে রেখে জনসাধারণের দৃষ্টির আড়াল হয়ে কোথাও চলে গেল। তারপর রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম -এর কাছে এসে জানালো যে, ওসমান রা. এর ব্যাপারে যা প্রচারিত হয়েছে, তা মিথ্যা।[১৫]

কুরআন-সুন্নাহর ভিতরে যত জায়গায় বাইআতের আলোচনা রয়েছে তা কেবল মাত্র খলিফাতুল মুসলিমিনের ক্ষেত্রেই প্রযোজ্য। খলিফাতুল মুসলিমিন বিভিন্ন কাজের জন্য বাইআ'ত নিতে পারেন, ইসলামের জন্য, জিহাদের জন্য, বিশেষ কোন দায়িত্ব পালনের জন্য অথবা ব্যক্তিগত ইসলাহে নাফসের (আত্মশুদ্ধির) জন্য ইত্যাদি। যেমন রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া

[১৪] সুরা ফাতাহ ৪৮:১০।
[১৫] তাফসীর ফী যিলালিল কোরআন খন্ড: ১৯ পৃ: ১১৮।

সাল-াম সাহাবীদের থেকে বিভিন্ন সময় বিভিন্ন কাজের জন্য বাইআ'ত গ্রহন করেছেন। কিন্তু রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর জীবিত থাকা অবস্থায় সাহাবায়ে কিরামগণ বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়েন কিন্তু তারা কি কোন "বাইআ'ত" নিয়েছেন?

না, কোথাও তার কোন প্রমান নেই। রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর মৃত্যুর পর আবু বকর সিদ্দিক রা. খলিফা হলেন। তাঁর কাছে লোকেরা বাইআ'ত দিল। আবু বকরের খিলাফত চলাকালীন সময়ে কোন সাহাবী কি বাইআ'ত নিয়েছিলেন? না, এর কোন প্রমান নেই। এভাবে উমর রা. উসমান রা. সহ সকল খলিফার যুগে এই একই অবস্থা বিরাজমান ছিল। সে সময় ইসলাহে নাফসের জন্য কোন পীর সাহেব ক্বেবলা বাইআ'ত নেননি। কোন তরিকার বাইআ'তও নেননি। কারণ তারা নিম্নের হাদীসগুলো সম্পর্কে অবগত ছিলেন।

খলিফা কতজন হবে?

পূর্বের আলোচনা দ্বারা পরিস্কার হয়ে গেল যে, বাইআ'ত শুধু মুসলিমদের খলিফা বা ইমামকেই দিতে হবে। এখন প্রশ্ন হলো যে, একই সঙ্গে একাধিক খলিফা বা ইমামকে বাইআ'ত দেয়া যাবে কিনা। এসম্পর্কে রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেন:

عَنْ أَبِى سَعِيدٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: إِذَا بُويِعَ لِخَلِيفَتَيْنِ فَاقْتُلُوا الآخَرَ مِنْهُمَا

অর্থঃ আবু সায়ীদ রা. বলেন, রাসুলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেন, যদি একই সময়ে দুই জন খলীফা বায়আত গ্রহণ করে তাহলে দ্বিতীয় জনকে কতল করে ফেল।[১৬]

অপর হাদীসে আরো ইরশাদ হয়েছে,

عَنْ عَرْفَجَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ -صلى الله عليه وسلم- يَقُولُ « إِنَّهُ سَتَكُونُ هَنَاتٌ وَهَنَاتٌ فَمَنْ أَرَادَ أَنْ يُفَرِّقَ أَمْرَ هَذِهِ الأُمَّةِ وَهْىَ جَمِيعٌ فَاضْرِبُوهُ بِالسَّيْفِ كَائِنًا مَنْ كَانَ س

[১৬] সহীহ মুসলিম, "কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।)

অর্থ: আরফাজা রা. বলেন, আমি রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম কে বলতে শুনেছি, তিনি বলেছেন: অচিরেই বিভিন্ন ধরণের নতুন নতুন বিশৃঙ্খলা ও কলহ-বিবাদের সৃষ্টি হবে। সুতরাং যে ব্যক্তি এই উম্মতের (উম্মতে মুহাম্মদীর) ঐক্য ও সংহতির মধ্যে বিচ্ছিন্নতা সৃষ্টি করতে চায় এবং তাদের ঐক্যের মধ্যে ফাটল ধরাতে চেষ্টা করে, তলোয়ার দ্বারা তোমরা তাকে শায়েস্তা কর। চাই সে যে-কেউ হোক না কেন।[১৭]

عَنْ عَرْفَجَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « مَنْ أَتَاكُمْ وَأَمْرُكُمْ جَمِيعٌ عَلَى رَجُلٍ وَاحِدٍ يُرِيدُ أَنْ يَشُقَّ عَصَاكُمْ أَوْ يُفَرِّقَ جَمَاعَتَكُمْ فَاقْتُلُوهُ

অর্থ: আরফাজা রা. বলেন, আমি রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম কে বলতে শুনেছি: যদি কোন ব্যক্তি বৈধ ও নির্বাচিত খলীফার বির ুদ্ধাচরণ করবে সংকল্প নিয়ে তোমাদের নিকট আসে, অথচ অবস্থা হল যে, তোমরা কোন একজন খলীফা বা শাসকের আনুগত্যে ঐক্যবদ্ধ রয়েছে। তবে যে লোক তোমাদের সেই ঐক্য ও সংহতিকে বিনষ্ট করার উদ্দেশ্য নিয়ে মাথাচাড়া দিয়ে উঠেছে, তাকে কতল করে দাও।[১৮]

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِىِّ صلى الله عليه وسلم قَالَ « كَانَتْ بَنُو إِسْرَائِيلَ تَسُوسُهُمُ الأَنْبِيَاءُ كُلَّمَا هَلَكَ نَبِىٌّ خَلَفَهُ نَبِىٌّ وَإِنَّهُ لاَ نَبِىَّ بَعْدِى وَسَتَكُونُ خُلَفَاءُ فَتَكْثُرُ ». قَالُوا فَمَا تَأْمُرُنَا قَالَ « فُوا بِبَيْعَةِ الأَوَّلِ فَالأَوَّلِ وَأَعْطُوهُمْ حَقَّهُمْ فَإِنَّ اللَّهَ سَائِلُهُمْ عَمَّا اسْتَرْعَاهُمْ (صحيح مسلم)

অর্থ: রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেন, বনী ইসরাইল এর নবীগন তাদের উম্মতকে শাসন করতেন। যখন কোন একজন নবী ইন্তেকাল করতেন তখন অন্য একজন নবী তার স্থলাভিসিক্ত হতেন। আর আমার পরে কোন নবী নেই, তবে অনেক খলিফা হবে। সাহাবাগন আরজ করলেন ইয়া রাসুলাল-াহ আমাদের কে কি নির্দেশ করছেন? তিনি বললেন তোমরা একের পর এক তাদের বায়আতের হক আদায় করবে। তোমাদের উপর তাদের যে হক রয়েছে তা আদায় করবে। আর নিশ্চই আল-াহ তায়ালা তাদের জিজ্ঞাসা

[১৭] সহীহ মুসলিম ৪৯০২; ("কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।) মুসনাদে আহমদ ১৯০০০।

[১৮] সহীহ মুসলিম ৪৯০৪; "কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।)

করবেন ঐ সকল বিষয় সমন্ধে যে সবের দায়িত্ব তাদের উপর অর্পন করা হয়েছিল।[১৯]

عَنْ عَبْدُ اللَّهِ بْنُ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ قَالَ رَسُوْلُ الله صلى الله عليه و سلم مَنْ بَايَعَ إِمَامًا فَأَعْطَاهُ صَفْقَةَ يَدِهِ وَثَمَرَةَ قَلْبِهِ فَلْيُطِعْهُ إِنِ اسْتَطَاعَ فَإِنْ جَاءَ آخَرُ يُنَازِعُهُ فَاضْرِبُوا عُنُقَ الآخَرِ

অর্থ: আব্দুল-াহ ইবনে আমর রা. বলেন, রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেছেন: যেই ব্যক্তি ইমামের (খলীফার) বাইআ'ত করল, এবং অন্তর হতে সেই বাইআতের প্রতি সন্তুষ্টি প্রকাশ করল, সে যেন যথাসাধ্য তার আনুগত্য করে। ইহার পর যদি কোন ব্যক্তি (ইমামত বা খেলাফতের দাবী তুলে) প্রথম ইমামের মোকাবেলায় দাঁড়ায়, তখন তোমরা পরবর্তী দাবীদারের ঘাড় সংহার করে দাও।[২০]

একারণেই মুসলিম জাতির ইতিহাস পড়লে দেখা যায় যখনই দুই খলিফা বাইআ'ত নেয়া শুর ু করে তখনই এই হাদিসগুলোর উপর আমল করার জন্য উভয় গ্র ুপ প্রতিপক্ষের বিরূদ্ধে অস্ত্র ধারণ করেছে।

এদেশের পীর সাহেবগণ মুরীদ বানাতে গিয়ে তাদের থেকে যে বাইআ'ত নেন এবং পীরের কাছে মুরীদ হওয়া ফরজ বলেন, সে জন্য তারা কুরআন ও হাদীসের ঐ দলিল গুলোই পেশ করেন যা আমরা মুসলিমদের সর্বোচ্চ নেতা খলিফাতুল মুসলিমিনের জন্য পেশ করেছি। এখন আমাদের প্রশ্ন হল যদি তরিকার পীর সাহেবগন কুরআন ও হাদীসের ঐ দলিলগুলো পীর মুরীদির জন্য ব্যবহার করেন তাহলে আমাদের জিজ্ঞাসা হল যে, একাধিক খলিফা হলে যে রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম প্রথম খলিফাকে বাদ দিয়ে বাকীদের হত্যা করতে বলেছেন এগুলোও কি তারা পীর সাহেবদের বেলায় প্রয়োগ করবেন? তাহলে আসুন! এদেশের সকল পীর সাহেবদেরকে কোন এক মাঠে একত্র করি, তারপর তাদের মধ্যে যে সর্বপ্রথম পীর হয়েছে তাকে

বহাল রেখে অবশিষ্ট সকলের উপর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর হাদীস কার্যকর করণার্থে তরবারী দ্বারা তাদের গর্দানগুলো উড়িয়ে দেই।

[১৯] সহীহ বুখারী-৩৪৫৫,৩২১০ মুসলিম ৪৮৭৯

[২০] সহীহ মুসলিম ৪৮৮২; "কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।) সুনানে আবু দাউদ ৪২৫০; সুনানে নাসায়ী ৪২০২; মুসনাদে আহমদ ৬৫০১।

তখন হয়তো পীর সাহেবগন ও তাদের সমর্থক মুহাদ্দিসগন বলবেন যে, না এই হত্যার নির্দেশ তো খলিফার জন্য দেওয়া হয়েছে, সেটা আমাদের পীর সাহেবদের খলিফার কথা বলা হয় নি। বরং ওটা মুসলিমদের রাষ্ট্রীয় খলিফার বিষয়। ও! তাহলে হত্যা দেখলে বাইআ'তের হাদীস চলে যায় রাষ্ট্রীয় খলিফার জন্য। আর হালুয়া-রুটি ও গদী দেখলে তখন বাইআ'তের হাদীস চলে যায় পীর সাহেবের জন্য। আফসোস তাদের ইলমের জন্য, আফসোস তাদের হাদীস বিকৃতির জন্য, আফসোস তাদের মুসলিম জাতির খিলাফত ব্যবস্থাকে ছিনতাই করার জন্য।

মূলত: মুসলিম জাতির একক নেতৃত্বের প্রতীক খিলাফত ব্যবস্থাকে ইহুদী-খৃষ্টানরা ধ্বংস করে দিয়ে নিজেরা পোপতন্ত্র চালু করেছে। এখন দুনিয়ার সকল খৃষ্টনরা একজন পোপের নেতৃত্বে চলে। কিন্তু ওরা দেখল যে, তারা যদিও খিলাফত ব্যবস্থাকে ধ্বংস করেছিল কিন্তু খিলাফত-বাইআ'ত সম্পর্কিত যে আয়াত ও হাদীস রয়েছে তা তো মুছে ফেলতে পারেনি। তাই যদি মুসলিমরা ঐ আয়াত এবং হাদীসগুলোর প্রতি উদ্বুদ্ধ হয়ে আবারও খিলাফত ব্যবস্থা পুনরায় চালু করে গোটা মুসলিম জাতিকে এক খলিফার অধীনে ঐক্যবদ্ধ করে রাসূলের হাদীস إِنَّمَا الْإِمَامُ جُنَّةٌ يُقَاتَلُ مِنْ وَرَائِهِ " ইমাম ঢাল স্বরূপ তাঁর অধীনে মুসলিমরা লড়াই করবে" এর উপর আমল করা শুরু করে তাহলে দুনিয়ার কাফির-মুশরিক, হিন্দু-বৌদ্ধ, ইয়াহুদী-খৃষ্টানরা পালানোর জায়গাও খুজে পাবে না।

সে জন্য কুরআন-হাদীসে বর্ণিত খিলাফত-বাইআ'তকে পীর সাহেবদের ভিতর ঢুকিয়ে দিয়ে, খিলাফত প্রতিষ্ঠার পথকে চিরস্থায়ীভাবে বন্ধ করে দেওয়ার জন্য চক্রান্ত করা হয়েছে। আর সেই চক্রান্ত বাস্তবায়ন করছেন তরিকার পীর-মাশায়েখগন। তাইতো দেখি যখন তরিকতপন্থী মুহাদ্দিসগন বাইআতের হাদীস পড়ান তখন তারা ছাত্রদেরকে উপদেশ প্রদান করেন যে, "তোমরা ফারেগ হয়ে (লেখাপড়া শেষ করে) কোন হক্কানী পীরের হাতে হাত দিয়ে বাইআ'ত দিবা"। এইভাবে একটা বিভ্রান্তির রঙীন গ-াস চোখে লাগিয়ে দেয় এরপর ঐ ছাত্ররা আবার যখন শিক্ষক হয় তখন তাদের ছাত্রদেরকে একইভাবে বিভ্রান্তির রঙীন গ-াস পরিধান করিয়ে দেয়। এভাবেই খিলাফত-বাইআতের আয়াত-হাদীসগুলোকে ছিনতাই করা হয়েছে।

একটি বিভ্রান্তির নিরসন:

তরিকার পীর সাহেবগন তাদের মুরীদদের বিভ্রান্ত করার জন্য বলে থাকেন যে, তাদের এই তরিকার বাইআ'ত নাকি হযরত আলী রা. হতে চলে এসেছে। আর হযরত আলীকে স্বয়ং রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম খিলাফত দিয়েছেন। এভাবে তারা আলী রা. কে চার তরিকার পীর বানিয়ে মনগড়া একটি শাজারা (পীরদের ধারাবাহিক সিলসিলা) তৈরী করে সাধারণ মুসলিমদেরকে ধোঁকা দিচ্ছে।

আমরা তাদের জবাবে বলতে চাই যে, এই বক্তব্য মূলত: শিয়াদের। শিয়াদের আক্বিদা হলো যে, আল-াহর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম 'গাদীরে খুম' নামক জায়গায় হযরত আলী রা. কে খিলাফত প্রদান করেন। সেমতে রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর পরে তিনিই সরাসরি খলিফা। আবু বকর রা. উমর রা. ও ওসমান রা. এই তিনজন-ই অবৈধ খলিফা, এরা ছিল মুরতাদ। (নাউজুবিল-াহ)। এদেরকে যারা মান্য করেছে তারাও মুরতাদ হয়ে গেছে। তরিকার পীর-মাশায়েখগন যে আলী রা. কে চার তরিকার সকল পীরদের পীর বলেন এবং রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর খলিফা বলেন, তাহলে তারাও কি শিয়াদের মত আবু বকর, উমর, ওসমান (রা.) কে অবৈধ খলিফা বলবেন? আলী রা. কে যদি আল-াহর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম খলিফা নিযুক্ত করেই থাকেন তাহলে "ছকিফায়ে বনু সায়েদাহ" তে বসে নতুন খলিফা নিযুক্তির প্রয়েজনইবা ছিল কি? এটা আল-াহর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর নির্দেশকে সরাসরি অমান্য করা নয় কি?

তাছাড়া ঐখানে উপস্থিত সাহাবারা যখন আবু বকর রা. কে বাইআ'ত দিলেন। তারপর আবার মসজিদে নববীতে 'আম বাইআ'ত' নিলেন তখন বাকি সাহাবীদের উচিৎ ছিল আবু বকর রা. কে হত্যা করে ফেলা। কারণ আল-াহর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেছেন إِذَا بُويِعَ لِخَلِيفَتَيْنِ فَاقْتُلُوا الآخَرَ مِنْهُمَا অর্থ: 'যখন দুই খলীফার বাইআ'ত নেয়া হয় তখন তোমরা দ্বিতীয়জনকে হত্যা করো।' যখন সাহাবাগন আবু বকর রা. কে হত্যা করলেন না বরং হত্যা তো দুরের কথা কেউ তার বিরোধিতাও করলেন না। আলীকে খিলাফত দেওয়ার প্রসঙ্গও কেউ আনলেন না। এমনকি খোদ আলী রা. নিজেও কোন আপত্তি তুললেন না; তাহলে বুঝতে হবে যে, আলী রা. কে খিলাফত দেওয়ার বিষয়টি কোন সাহাবী জানতেন না এমনকি খোদ আলী রা. ও জানতেন না। বরং পীর সাহেবগন তাদের গোপন কাশফের

মাধ্যমে জেনেছেন। আর তা না হলে এগুলো হীনস্বার্থ চরিতার্থ করার জন্য মিথ্যা রটনা করা হয়েছে। আর মূলতঃ বিষয়টি তাই।

এখন পীর সাহেবগণ বলতে পারেন যে, আলী রা. কে যে, খেলাফত প্রদান করা হয়েছিল সেটা ছিল "তাসাউউফ বা বাতেনী খিলাফত"। তাহলে আমি জানতে চাই যে, রাষ্ট্রীয় খিলাফত আর ধর্মীয় খিলাফত কি আলাদা? সেই আধ্যাত্মিক খলিফা একাধিক হতে পারেন? তাহলে আমার প্রশ্ন হলো, আবু বকর, ওমর, ওসমান রা. কি সেই খিলাফত পাওয়ার যোগ্য ছিলেন কিনা? পীরদের খলিফা যদি একই সাথে শত শত হতে পারেন তাহলে আল-াহর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম শুধুমাত্র একজনকে খিলাফত দিলেন কেন? আল-াহর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর লক্ষাধিক সাহাবাদের মধ্যে শুধু কি একজনই সেই যোগ্যতা লাভ করলেন? আর পীর সাহেবগন রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর থেকে কয়েক শতগুণ বেশী খিলাফতের যোগ্যলোক তৈরি করেছেন? এটা কি রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর মত মহান মুয়ালি-মকে পীর সাহেবদের থেকে ছোট করা হলো না? নাকি পীর সাহেবগনও শিয়া? যাদের আক্বীদা আলীসহ কয়েকজন সাহাবী ছাড়া বাকী আবু বকর, ওমর, ওসমান রা. সহ সবাই ছিল মুনাফিক এবং রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এর মৃত্যুর পর সবাই মুরতাদ হয়ে গিয়েছিল।

আসল রহস্যটা কিন্তু এখানেই। এই প্রচলিত পীর-মুরিদীর তরিকা, খিলাফত, বাইআ'ত সব কিছুই শিয়াদের থেকে আমদানীকৃত। এমনকি খোদ 'পীর' শব্দটিও ফার্সী যা ইরানী শিয়াদের মাতৃভাষা এবং পীরদের কবিতা-কাহিনী বেশীর ভাগই ফার্সী ভাষায়। ফার্সী ভাষার মাধ্যমে শিয়াদের আক্বীদা, আর উর্দু ভাষার মাধ্যমে হিন্দুদের সন্যাসীবাদ এবং فَصْلُ السِّيَاسَةِ عَنِ الدِّيْنِ বা ধর্মীয় খলিফা আর রাষ্ট্রীয় খলিফা আলাদা করার মাধ্যমে খৃষ্টানদের رُهْبَانِيَّةٌ বা বৈরাগ্যবাদকে গ্রহন করে বিভিন্ন প্রকার দেশীয় গাছ-গাছরায় তৈরী একটি ভেষজ ইসলাম পালন করছেন এদেশের লক্ষ লক্ষ মুসলমান।

প্রশ্নঃ বর্তমানে পীর-মুরীদদের বাইআ'ত ছাড়াওতো বিভিন্ন দল/জামাআত বাইআ'ত নিচ্ছে এগুলোর ব্যপারে শরীয়ার হুকুম কি?

উত্তরঃ এ জাতীয় কোন বাইআতের কোন ভিত্তি কুরআন-হাদীস ও সালাফে সালেহীনদের ইতিহাসে খুজে পাওয়া যায় না। কারণ তখন তো খলিফা বা ইমাম ছিলেন। মুসলিমরা কেবল মাত্র তাদেরকেই বাইআ'ত দিতেন যা

ইতিপূর্বেই দলিল প্রমানসহ আলোচনা করা হয়েছে। কাজেই এই জাতীয় নতুন দল ও ফেরকা তৈরী করার-ই তো কোন সুয়োগ ইসলামে নেই। তারপর বাইআ'ত? সে তো খলিফাতুল মুসলিমিন এর অধিকার। আর খিলাফত ব্যবস্থা না থাকলে তখন একামতে দ্বীন এর জন্য, কাফেরদের বিরূদ্ধে যুদ্ধ করার জন্য, মাজলুমকে সাহায্য করার জন্য মুসলিমগণ একজন ইমাম নিযুক্ত করে তার নিকটে বাইআতের শর্ত পুরণের অঙ্গীকার করবে। আলাদা আলাদাভাবে দলীয় আমীর বা তরিকার পীরদেরকে বাইআ'ত নেয়ার অধিকার দেয়া যাবেনা।

কারণঃ-

(১) কুরআন ও হাদীসে বর্ণিত মুসলিমদের জামাআতকে আঁকড়ে ধরা এবং বাইআ'ত দেয়া ওয়াজিব হওয়ার দলিল-প্রমানকে এসব খন্ড-খন্ড দলের ক্ষেত্রে প্রয়োগ করার কোন সুযোগ নেই। কেননা ওগুলো শুধুমাত্র গোটা মুসলিম উম্মাহর ইমামের জন্যই প্রযোজ্য।

(২) খন্ড-খন্ড দল তৈরীর মাধ্যমে মূলত মুসলিম জাতির মধ্যে বিভক্তি সৃষ্টি করা হয় এবং মুসলিম জাতির ঐক্য ধংস হয়ে যায়। আর যারা মুসলিম জাতির ঐক্যের মধ্যে ফাটল ধরাতে চায় আল-াহর রাসুল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম তাদেরকে কঠোর হস্তে দমন করার আদেশ করেছেন।

হাদীসঃ

عَنْ زِيَادِ بْنِ عِلاَقَةَ قَالَ سَمِعْتُ عَرْفَجَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « إِنَّهُ سَتَكُونُ هَنَاتٌ وَهَنَاتٌ فَمَنْ أَرَادَ أَنْ يُفَرِّقَ أَمْرَ هَذِهِ الأُمَّةِ وَهْىَ جَمِيعٌ فَاضْرِبُوهُ بِالسَّيْفِ كَائِنًا مَنْ كَانَ

অর্থঃ আরফাজা রা. বলেন, আমি রাসুলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলতে শুনেছি, তিনি বলেছেনঃ অচিরেই বিভিন্ন ধরণের নতুন নতুন বিশৃঙ্খলা ও কলহ-বিবাদের সৃষ্টি হবে। সুতরাং যে ব্যক্তি এই উম্মতের (উম্মতে মুহাম্মদীর) ঐক্য ও সংহতির মধ্যে বিচ্ছিন্নতা সৃষ্টি করতে চায় এবং তাদের ঐক্যের মধ্যে ফাটল ধরাতে চেষ্টা করে, তলোয়ার দ্বারা তোমরা তাকে শায়েস্তা কর। চাই সে যে-কেউ হোক না কেন।[২১]

(৩) হাদীস শরীফে খন্ড-খন্ড জামাআত বা ফেরকার সাথে সম্পৃক্ত হতে নিষেধ করা হয়েছে। হয়তো জামাআতুল মুসলিমীন তথা গোটা মুসলিম

[২১] সহীহ মুসলিম ৪৯০২; ("কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।) মুসনাদে আহমদ ১৯০০০।

উম্মাহর আমীরের সাথে সম্পৃক্ত হবে নতুবা সব ফেরকা থেকে আলাদা থাকতে হবে। যেমন হুজায়ফা (রা) এর হাদীসে বলা হয়েছেঃ

فَإِنْ لَمْ تَكُنْ لَهُمْ جَمَاعَةٌ وَلاَ إِمَامٌ قَالَ فَاعْتَزِلْ تِلْكَ الْفِرَقَ كُلَّهَا

অর্থ:"যদি মুসলিমদের কোন জামাআহ এবং ইমাম না থাকে সে সময় তুমি ঐ সকল ফেরকা এবং দল থেকে আলাদা থাকবে।"[২২]

বি:দ্রঃ একটি সংশয় নিরসন,

